



বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) এর
দপ্তর
প্রধান কার্যালয়: বিদ্যুৎ ভবন, হেতেম খাঁ,
রাজশাহী-৬০০০
www.nesco.gov.bd

বিদ্যুৎ ব্যবহারে সশ্রয়ী হোন

নম্বর: ২৭.২৯.০০০০.০০০.০১১.১১.০০০১.২৬.৪৪৯

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: নেসকো'র নির্বাহী পরিচালক (অর্থ) পদের নিয়োগ পরীক্ষার সময়সূচি।

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো)-তে নির্বাহী পরিচালক (অর্থ) পদে নিয়োগের নিমিত্ত কোম্পানি সচিব এর দপ্তরের স্মারক নং-২৭.২৯.০০০০.০৮২.০১১.১১.২৫.৩১২ তারিখ: ২০/১০/২০২৫ খ্রি. মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি, স্মারক নং-২৭.২৯.০০০০.০৮২.০১১.১১.২৫.২৬১ তারিখ: ২৬/১১/২০২৫ খ্রি. এবং স্মারক নং-২৭.২৯.০০০০.০৮২.০১১.১২.২৬.৪৯৬ তারিখ: ১১/০৩/২০২৬ খ্রি. মোতাবেক জারিকৃত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী নির্বাহী পরিচালক (অর্থ) পদে আবেদনকৃত প্রার্থীদের মধ্য থেকে নিয়োগ কমিটি কর্তৃক নির্বাচিত এবং যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নিম্নোক্ত ট্র্যাকিং নম্বরধারী (রোল নম্বরধারী) প্রার্থীদের নিয়োগ পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

ট্র্যাকিং নম্বর (রোল নম্বর)				তারিখ ও সময়	স্থান
138321 (430401)	138342 (430402)	138343 (430403)	164961 (430404)	১২ জুন ২০২৬, শুক্রবার সকাল ০৯ ঘটিকা	কক্ষ নং-১১১৬ (লেভেল-১০) বিদ্যুৎ ভবন, ১ আশুল গনি রোড, ঢাকা- ১০০০
মোট ০৪ জন					

পরীক্ষার Admit Card (প্রবেশপত্র) নেসকোর ক্যারিয়ার পোর্টাল <https://career.nesco.gov.bd> হতে ডাউনলোড করে প্রিন্টেড (রেডিন) কপিসহ নির্ধারিত তারিখ ও সময়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি এবং প্রার্থীদের অনলাইন আবেদনে পূরণকৃত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত প্রমাণক দলিলাদি পরীক্ষায় অংশগ্রহণের ০১ (এক) ঘণ্টা পূর্বে অবশ্যই জমা প্রদান করতে হবেঃ

- পরীক্ষার Admit Card (প্রবেশপত্র) এর রেডিন প্রিন্টকপি;
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং নম্বরপত্র (ট্রান্সক্রিপ্ট) এর মূল কপি ও ০১ সেট সত্যায়িত ফটোকপি;
- সকল অভিজ্ঞতার সনদপত্র (প্রত্যেক পদের চাকরিকাল উল্লেখসহ) এর মূলকপি ও ০১ সেট সত্যায়িত ফটোকপি;
- আবেদনে উল্লেখিত স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি;
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত বিদ্যুৎ সংস্থা বা কোম্পানিতে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বিভাগীয় অনাপত্তিপত্র (NOC) এর মূলকপি ও সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি;

বিশেষ দৃষ্টব্যঃ

- বর্ণিত কাগজপত্রাদিতে যাচিত যোগ্যতার কোনরূপ ঘাটতি প্রাপ্তি, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জাল/নকল সনদ প্রদান, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয়, যে কোন ধরনের তদবির অথবা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- কোন ধরনের নোটিশ প্রদান ব্যতিরেকেই নেসকো কর্তৃপক্ষ পরীক্ষা পরিবর্তন/বাতিল বা সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা রাখে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণ কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তি জারি করা হলো।

R. Reza

০৪-০৬-২০২৬

মোঃ রফিকুল ইসলাম

মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন)

নির্বাহী পরিচালক (অর্থ) পদের নিয়োগ পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ।

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৩। কোম্পানি সচিব, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।
- ৪। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি ও বিলিং), নেসকো [Admit card ইস্যু ও নিয়োগ পরীক্ষার সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ৫। ব্যবস্থাপক (পার্সোনেল ও নিয়োগ), উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানব সম্পদ উন্নয়ন) এর দপ্তর, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি।

